



104

রাকসু নির্বাচন II ক্যাম্পাস সরগরম

দীর্ঘ ৮ বছর পর আগামী ২৫শে মার্চ রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদের (রাকসু)

নির্বাচন অনুষ্ঠিত হইতে বাইতেছে। এই উপলক্ষে ক্যাম্পাস সরগরম হইয়া উঠিয়াছে।

নির্বাচন উপলক্ষে বিভিন্ন ছাত্র সংগঠন তৎপর হইয়া উঠিয়াছে। ছাত্র সংগ্রাম পরিষদ নীতিগতভাবে (শেষ পৃ: ৩-এর ক: প্র:)

রাকসু নির্বাচন

(১ম পৃ: পর)

নির্বাচনে ঐক্যবদ্ধ প্যানেল প্রদানের অঙ্গীকার ঘোষণা করিয়াছে। কিন্তু পদ বন্টনের ক্ষেত্রে সংগ্রাম পরিষদের শরিক দলগুলির মধ্যে জটিলতা দেখা দিয়াছে। বাংলাদেশ ছাত্র মৈত্রী, ছাত্রলীগ (মু-না), ছাত্রলীগ (সু-র) এবং জাতীয় ছাত্র লীগ প্রত্যেকেই ভিপি কিংবা জি এস পদের যেকোন একটি পদের দাবী করিতেছে। কেহই তাহাদের অব-

(২য় পৃ: প্র:)

রাকসু নির্বাচন

(১ম পৃ: পর)

স্থান হইতে পিছাইতে রাজী হইতেছে না।

ছাত্র মৈত্রী ও ছাত্রলীগ (মু-না) রাজশাহী বিশ্ববিদ্যালয়ে তাহাদের অবস্থানের প্রেক্ষিতে ভিপি অথবা জি এস পদ ছাড়া নির্বাচনে অংশ নিতে অসম্মত। অন্যদিকে ছাত্রলীগ (সু-র) প্রথম হইতেই আট দলীয় ভিত্তিতে ঐক্যের কথা ভাবিতেছে। জাতীয় ছাত্রলীগ রাজশাহী বিশ্ববিদ্যালয়ে তাহাদের অবস্থানের প্রেক্ষিতে ভিপি কিংবা জি এস পদ ব্যতীত নির্বাচনে অংশ নিতে নারাজ।

তবে ছাত্র সংগ্রাম পরিষদের অভিন্ন প্যানেল কিংবা দুইটি প্যানেল যাছাই হউক না কেন, রাগীব আহসান মুন্না (ছাত্র মৈত্রী), রুহুল কুদ্দুস বাবু (ছাত্রলীগ মু-না) আলী রায়হান (ছাত্রলীগ সু-র) এবং শাহ আলম (জাতীয় ছাত্রলীগ) এই ৪ জন ছাত্র নেতার মধ্য হইতে ভিপি ও জি এস পদে মনোনয়ন লাভের সম্ভাবনা রহিয়াছে।

জাতীয়তাবাদী ছাত্রদল হইতে ভিপি ও জি এস পদে রিজভী আহমদ ও হারুনুর রশিদের মনোনয়ন লাভের সম্ভাবনা রহিয়াছে।

এদিকে ছাত্রদল ৩-দফা দাবীতে আন্দোলন চালাইয়া বাইতেছে। এই ৩ দফার মধ্যে রহিয়াছে গত বছর ১৮ই নভেম্বর ক্যাম্পাসে শিবির-কর্মী আসলাম-আজগার হত্যার সহিত জড়িত ব্যক্তিদের অবিলম্বে গ্রেফতার, ক্যাম্পাস হইতে পুলিশ প্রত্যাহার, মাদারবল্ল হলের ১৪টি কক্ষে হামলা ও ছাত্রদের ক্ষয়ক্ষতির ক্ষতিপূরণ এবং পরীক্ষার পর নির্বাচন। রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্র

সংগ্রাম পরিষদ অভিন্ন প্যানেলের সিদ্ধান্ত স্থানীয়ভাবে নিতে না পারায় এই দুইটি পদের প্রার্থীর প্রশ্ন মীমাংসার জন্য ছাত্র সংগ্রাম পরিষদের কেন্দ্রীয় নেতৃবৃন্দের প্রতি আবেদন জানানো হইয়াছে। হল-গুলিতে এখনও প্যানেল তৈরী করিতে কোন দলই প্রস্তুতি গ্রহণ করে নাই। ছাত্র সংগ্রাম পরিষদ অভিন্ন প্যানেল তৈরী করিতে না পারিলেও ক্যাম্পাসে ছাত্র সংগ্রাম পরিষদের নামেই প্রচারণা চলিতেছে। জাতীয়তাবাদী ছাত্র দল শেষ পর্যন্ত নির্বাচনে একক প্যানেল দিবে।

ইসলামী ছাত্র শিবিরের পক্ষ হইতে সংগঠনের সভাপতি আব্দুল লতিফকে ভিপি পদে এবং সাধারণ সম্পাদক রফিকুল ইসলামকে জি এস পদে মনোনয়ন দানের সম্ভাবনা রহিয়াছে।

এদিকে বিভিন্ন ছাত্র সংগঠনের কয়েকজন ছাত্রনেতার ছাত্রদল হইয়া সমস্যা দেখা দিয়াছে। রিটার্নিং অফিসার কর্তৃক ঘোষিত যোগ্যতার মাপকাঠিতে এসব ছাত্রনেতার ছাত্রদল (ডোটাটিকার) থাকে না। এইসব ছাত্রনেতাকে বিশেষ ব্যবস্থা

ভোটার করা হইবে কিনা এই নিয়ম সংগঠনগুলির মধ্যে মতভেদ দেখা দিয়াছে। আগামী ১২ই মার্চ রাকসু ও হল সংসদসমূহে প্রার্থীদের মনোনয়নপত্র জমা দেওয়ার তারিখ।

রাজশাহী বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ও হল ছাত্র সংসদ এবং সিনেটে ছাত্র প্রতিনিধি নির্বাচনের আচরণ বিধি প্রণয়ন করা হইয়াছে। খবর রাজশাহী বিশ্ববিদ্যালয় ও সিরাজগঞ্জ সংবাদদাতার।